# ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট      পূর্ণমান — ৬০      বিষয় কোড: ২ ৭ ৭

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]*

১▶ রাতুল একজন বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছাত্র। সে অধিকাংশ সময় ফেসবুকে ব্যস্ত থাকে। ফেসবুক ব্যবহারের সময় কম্পিউটারের পর্দায় Bikroy.com এর বিজ্ঞাপন দেখে তিনি ক্লিক করলেন। সাইটটিতে প্রবেশ করে বিভিন্ন নতুন ও ব্যবহৃত পণ্যের সম্ভার দেখে তিনি খুশি হলেন।

ক. প্রথম কত সালে ই-বিজনেস চালু হয়? ১

খ. ই-মার্কেটিং-এর কাজ সম্পর্কে লেখো। ২

গ. Bikroy.com ফেসবুকের মাধ্যমে কোন কার্যটি সম্পাদন করেছে? বর্ণনা করো। ৩

ঘ. রাতুলের মতো ক্রেতাকে খুশি করতে Bikroy.com-এর কৌশলটি কতটা সমর্থনযোগ্য বলে তুমি মনে করো? ৪

২▶ জনাব আমিন বরিশালের নতুনাবাদে বসবাস করেন। তিনি ন্যায্যমূল্যে নিত্য প্রয়োজনীয় পণ্য ক্রয়ের লক্ষ্যে এলাকার বেশ কিছু সংখ্যক লোককে একত্রিত করে একটি সমবায় সমিতি গঠন করেন। তারা পার্শ্ববর্তী এলাকার উৎপাদকদের নিকট হতে বিভিন্ন মৌসুমে বিভিন্ন ধরনের পণ্যদ্রব্য সংগ্রহ করে সদস্যদের নিকট ন্যায্যমূল্যে সরবরাহ করেন।

ক. সমবায় কী? ১

খ. সমবায় গঠনের মুখ্য উদ্দেশ্য ব্যাখ্যা করো। ২

গ. জনাব আমিন কোন ধরনের সমবায় সমিতি গঠন করেছেন? বর্ণনা করো। ৩

ঘ. আর্থ-সামাজিক উন্নয়নে জনাব আমিনের উদ্যোগটির প্রভাব বিশ্লেষণ করো। ৪

৩▶ মেহেদী স্নাতক পাস করে চাকরির পিছনে না ছুটে যশোরের দড়াটানা মোড়ে একটি ফুলের দোকান স্থাপনের মাধ্যমে ব্যবসায় উদ্যোগ গ্রহণে সচেষ্ট হন। পরবর্তীতে ব্যবসায়ের আয়তন বৃদ্ধির প্রয়োজনীয়তা দেখা দিলে তিনি বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে পুঁজির সংস্থান করেন। তাই ব্যবসায় উদ্যোগ উন্নয়নে এ ধরনের সহায়তা খুব বেশি প্রয়োজন বলেই তিনি মনে করেন।

ক. প্রকৃতি অনুযায়ী সহায়তা কত প্রকার? ১

খ. ব্যবসায় উদ্যোগ গ্রহণে মানুষের অনীহার কারণ ব্যাখ্যা করো। ২

গ. মেহেদীর ঋণ গ্রহণ কোন ধরনের সহায়তার অন্তর্গত? বর্ণনা করো। ৩

ঘ. ঋণ সহায়তা ছাড়া কী মেহেদীর ব্যবসায়ের-উদ্যোগ উন্নয়ন সম্ভব? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪▶ নুরুল ইসলাম বরিশালের একজন স্বনামধন্য আলু ব্যবসায়ী। তিনি মুন্সিগঞ্জের কৃষকদের নিকট হতে আলু সংগ্রহ করে তা ছোট বড় মাঝারি বিভিন্ন ভাগে ভাগ করে বস্তায় ভরে বিভিন্ন অঞ্চলে সরবরাহ করেন। বর্তমানে তার ঘরে ৩০০ টন আলু রয়েছে। কিন্তু বাজারে ভারতের আলু সস্তায় সরবরাহ হওয়ায় তিনি ক্ষতির সম্মুখীন হন।

ক. প্রত্যক্ষ সেবা কী? ১

খ. বাণিজ্যে ঝুঁকিগত প্রতিবন্ধকতা বলতে কী বোঝায়? ২

গ. নুরুল ইসলাম আলু বিভিন্ন ভাগে ভাগ করার মাধ্যমে ব্যবসায়ের কোন কাজ সম্পাদন করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. নুরুল ইসলাম কীভাবে উক্ত ক্ষতি হতে রক্ষা পেতে পারে বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

৫▶ হারান, নিপু ও মন্টু তিনজন মিলে সমঝোতার ভিত্তিতে একটা সেলুন চালায়। তাদের সমঝোতার বিষয় হলো হারান ব্যবসায়ের সকল মূলধন দেবে এবং সকল ঝুঁকি সে একাই বহন করবে। ফলে যেকোনো সিদ্ধান্ত গ্রহণে তার সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। সমঝোতাতে বলা ছিল নিপু ও মন্টু সেলুনে কাজ করে প্রতিদিন যে আয় করবে তার ৬০% তারা পাবে। নিপু ও মন্টুর মর্যাদা সম্পর্কে প্রশ্ন উঠলে বিজ্ঞ আইনজীবী বললেন, সমঝোতার বিষয়বস্তু না পাল্টালে তারা কর্মচারী বলেই বিবেচিত হবে।

ক. ঘুমন্ত অংশীদার কে? ১

খ. অংশীদারি চুক্তিপত্র বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের ব্যবসায়টি কার্যত কোন ধরনের ব্যাখ্যা করো। ৩

ঘ. সমঝোতার বিষয়বস্তু না পাল্টালে তারা কর্মচারী বিবেচিত হবে— এ বক্তব্য কী সমর্থনযোগ্য? মতের সপক্ষে যুক্তি দাও। ৪

৬▶ নাফিজ সাহেব আমদানি ব্যবসায়ের সাথে জড়িত। পবিত্র রমজানকে সামনে রেখে তিনি ৫ মেট্রিক টন খেজুর আমদানি করবেন। কিন্তু দেশের চলমান রাজনৈতিক পরিস্থিতির জন্য নাফিজ সাহেব উদ্বিগ্ন। তিনি ভাবেন সঠিক সময়ে খেজুর আমদানি না করতে পারলে ব্যবসায় সফল হতে পারবেন না।

ক. ব্যবসায়িক পরিবেশের উপাদান কয়টি? ১

খ. ব্যবসায় গড়ে তুলতে ব্যবসায় পরিবেশের গুরুত্ব ব্যাখ্যা করো। ২

গ. নাফিজ সাহেব কোন ব্যবসায় পরিবেশের ওপর ভিত্তি করে খেজুর আমদানি করেন? বর্ণনা করো। ৩

ঘ. দেশের চলমান পরিস্থিতি নাফিজ সাহেবের ব্যবসায়ে কীভাবে প্রভাব ফেলতে পারে বলে তুমি মনে করো? ৪

৭▶ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের সদ্য সমাপ্ত সাতজন তরুণ ডিগ্রিধারী মিলে গ্রুপ সেভেন নামে একটি প্রাইভেট লি. কোম্পানি প্রতিষ্ঠা করেন। উক্ত উদ্যোক্তাগণ কামরাঙার জুস বাজারজাতকরণ করার কৌশল আবিষ্কার করেন। প্রতিষ্ঠানটি সরকারের সাথে চুক্তি সম্পাদন করে কামরাঙার জুস বোতলজাত ও বাজারজাতকরণে একচেটিয়া অধিকার লাভ করে। তরুণ উদ্যোক্তাগণ উক্ত সৃজনশীল পণ্য ও সেবা বাজারজাতকরণের মাধ্যমে আর্থিকভাবে ব্যাপক সফলতা অর্জন।

ক. আবিষ্কারককে পণ্যের অধিকার প্রদান করে কোনটি? ১

খ. পেটেন্টের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ২

গ. গ্রুপ সেভেনের সাথে সরকারের সম্পাদিত চুক্তিকে কী বলা হয়? বর্ণনা করো। ৩

ঘ. গ্রুপ সেভেনের সফলতায় সরকারের সাথে সম্পাদিত চুক্তিটির ভূমিকা কতটা তৎপর্যপূর্ণ বলে তুমি মনে করো? ৪

৮▶ টুটুল দশ বছর মালয়েশিয়ায় চাকরি করে দেশে ফিরে তার নিজ শহরের আদালত পাড়ায় স্বল্প পুঁজি নিয়ে একটি ফোন, ফ্যাক্স ও ফটোস্ট্যাটের দোকান দেন। তিনি নিজেই ফটোকপি করেন এবং ব্যবসায় পরিচালনা করেন। এখানে একটি সরকারি কলেজ ও কয়েকটি মাধ্যমিক বিদ্যালয় আছে। চাহিদা বিবেচনায় টুটুল একটি কম্পিউটার ক্রয় করেন এবং একজন সহযোগী নিয়োগ করেন। এতে তার ব্যবসায়ের আরও প্রসার ঘটে।

ক. একমালিকানা ব্যবসায়ের সকল ঝুঁকি কে বহন করে? ১

খ. একমালিকানা ব্যবসায়ের আয়তন ছোট হয় কেন? ২

গ. মালিকনার ভিত্তিতে টুটুলের ব্যবসায় সংগঠনটির ধরন বর্ণনা করো। ৩

ঘ. টুটুলের ব্যবসায় সম্প্রসারণের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৯▶ মি. আজমল ১৯ জন উদ্যোক্তা ও ১০ কোটি টাকা পরিশোধিত মূলধন নিয়ে আর.বি. এন্টারপ্রাইজ নামে একটি ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলেন। যার অনুমোদিত মূলধন ৫০ কোটি টাকা। ব্যবসায় শুরুর প্রায় ৩ বছর পর মি. মাবুদ তার শেয়ার সন্তানের নামে হস্তান্তর করতে চেয়েও পারেন নি। অন্যদিকে মি. আমানসহ ৮ জন উদ্যোক্তা একত্রিত হয়ে একটি সংগঠন গড়ে তোলেন। পরে তারা শেয়ার ছেড়ে মূলধন বৃদ্ধি করে এবং চতুর্থ বছরে ব্যবসায় সম্প্রসারণের জন্য পরিশোধিত মূলধন ১০০ কোটি টাকা থেকে ২০০ কোটি টাকায় বৃদ্ধির জন্য হলে সাধারণ সভা পর্যন্ত অপেক্ষা করছেন।

ক. কত সালে বাংলাদেশে কুরিয়ার সার্ভিস চালু হয়েছে? ১

খ. ন্যূনতম চাঁদা সংগ্রহের কারণ ব্যাখ্যা করো। ২

গ. মি. আজমলদের ব্যবসায় সংগঠনটির সাথে কোন ব্যবসায় সংগঠনের মিল রয়েছে? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকের উক্ত সংগঠন দুটির মধ্যে কোনটি দেশের কর্মসংস্থান সৃষ্টিতে অত্যধিক ভূমিকা রাখে? বিশ্লেষণ করো। ৪

